



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৬৪১

৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ১৯ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

দপ্তরাদেশ

"বাগেরহাট জেলার রামপাল উপজেলাধীন গৌরাস্তা ইউনিয়ন ও রাজনগর ইউনিয়ন এর আওতায় মরা পশুর বাম পার্শ্ব কি.মি. ০.০০০ হতে কি.মি. ১১.০০০ পর্যন্ত=১১.০০০ কিলোমিটার বেড়িবাঁধসহ প্রয়োজনীয় জলকাঠামো নির্মাণ কাজ" বাস্তবায়নের নিমিত্ত ডিপিপি প্রণয়ন করার লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন প্রণয়নের জন্য বহিঃসদস্যসহ বাপাউবো'র নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধির আওতায় একটি কারিগরি কমিটি গঠন করা হলো।

ক্রম নং	কর্মকর্তাগণের নাম ও পদবী	কমিটিতে অবস্থান
১।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৮, বাপাউবো, ঢাকা।	আহ্বায়ক
২।	জনাব মোঃ মনিরুল ইসলাম, উপ-প্রধান (ভূমি ও রাজস্ব), ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৩।	জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, সহকারী প্রধান (অর্থনীতি) অর্থনৈতিক পরিকল্পনা উইং, প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৪।	জনাব মোহাম্মদ আকবর হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন), প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৫।	আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি।	সদস্য
৬।	নির্বাহী প্রকৌশলী, বাগেরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বাগেরহাট।	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি :

ক) প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রকল্প সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার, স্থানীয় জনগণ, ছাত্র প্রতিনিধি ও জনপ্রতিনিধি, কৃষি অধিদপ্তর, পরিবেশ ও বন অধিদপ্তর, মৎস অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিটি কর্পোরেশন (প্রয়োজ্য ক্ষেত্রে), জেলা প্রশাসনসহ অন্যান্য সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী/এনজিও কর্মকর্তাগণের সাথে ফলপ্রসূ আলোচনার মাধ্যমে গৃহীত মতামতের আলোকে প্রস্তাবিত প্রকল্প/কার্যক্রমের যথার্থতা বিষয়ে মতামত/সুপারিশ প্রদান;

খ) বাগেরহাট জেলার রামপাল উপজেলাধীন গৌরাস্তা ইউনিয়ন ও রাজনগর ইউনিয়ন এর আওতায় মরা পশুর বাম পার্শ্ব বেড়িবাঁধসহ প্রয়োজনীয় জলকাঠামো নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য ডিপিপি প্রণয়নের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম সুপারিশসহ প্রকৃতিভিত্তিক সমাধান/ব্যবস্থা (Nature based Solution) কে অগ্রাধিকার দিয়ে অন্তর্ভুক্তিমূলক/Inclusive মতামত উপস্থাপন;

গ) প্রয়োজ্য ক্ষেত্রে পূর্ববর্তী সমীক্ষা পর্যালোচনা, প্রস্তাবিত প্রকল্পে জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব রয়েছে কিনা তা বিবেচনা পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম এবং প্রস্তাবিত কাজটি টেকসই ও দীর্ঘমেয়াদী ফলপ্রসূ বিষয়ে কারিগরি তথ্য-উপাত্ত বিশ্লেষণে সুচিন্তিত ও সুস্পষ্ট মতামত প্রদান;

ঘ) A3 সাইজের কাগজে মুদ্রিত প্রকল্প এলাকায় কি ধরনের কাজ করা হবে তা প্রদর্শন করিয়ে রঙিন সূচক/ইনডেক্স এবং সাইট প্লান ম্যাপ/মানচিত্র সংযোজন;

ঙ) বাপাউবো'র চলতি অনুমোদিত দর তফসিল ও অনুমোদিত নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের ব্যয় প্রাক্কলন সম্পর্কিত মতামত প্রদান;

চ) বিবিধ।

২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন। প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা


অন্যত্র গমণ করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৩। কমিটি পরবর্তী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে কারিগরি প্রতিবেদন ৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন। এছাড়াও, স্বাক্ষরিত প্রতিবেদনের স্ক্যান করা কপি (.pdf ফরম্যাটে, অনধিক ২৫ MB) আবশ্যিকভাবে ডি-নথি/ইমেইলের মাধ্যমে সংযুক্ত করে অত্র দপ্তরে প্রেরণ করবেন।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৮, বাপাউবো, ঢাকা।
- ২। জনাব মোঃ মনিরুল ইসলাম, উপ-প্রধান (ভূমি ও রাজস্ব), ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। ৩। জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, সহকারী প্রধান (অর্থনীতি), অর্থনৈতিক পরিকল্পনা উইং, প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৪। জনাব মোহাম্মদ আকবর হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন), প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৫। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা (একজন প্রতিনিধি মনোনয়নপূর্বক অত্র দপ্তর এবং কমিটির আহ্বায়কের ইমেইলে মনোনয়ন পত্র প্রেরণের অনুরোধসহ)।
- ৬। নির্বাহী প্রকৌশলী, বাগেরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বাগেরহাট।



১৯-১১-২০২৫

সজল কুমার রায়

নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)

০২২২২২৩০০৪০


adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৬৪১/১ (৯)

৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ১৯ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী (পুর), ডিজাইন এন্ড রিসার্চ, বাপাউবো, ঢাকা।
- ৩। অতি. প্রধান প্রকৌশলী (পুর), দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), খুলনা পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, খুলনা।
- ৫। সিএসও টু মহাপরিচালক (ভারপ্রাপ্ত), বাপাউবো, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সিনিয়র সচিব মহোদয়ের দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
- ৯। দপ্তর কপি।



১৯-১১-২০২৫

সজল কুমার রায়

নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)